৭ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু (কাজিরটেক সেতু)

এবং

টেকেরহাট, টুমচর ও আঙ্গারিয়া সেতুর

# নির্মাণ কাজের

# শুভ উদ্বোধন



সড়ক ও জনপথ অধিদপ্তর

সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়

১৮ ফাল্গুন ১৪১৯ বঙ্গাব্দ

০২ মার্চ ২০১৩ খ্রিষ্টাব্দ

# পটভূমি

উন্নয়নের অন্যতম স্তম্ভ উন্নত সড়ক অবকাঠামো। প্রত্যাশিত আর্থ-সামাজিক উন্নয়নের অনুকূল টেকসই, নিরাপদ ও মানসম্মত সড়ক অবকাঠামো এবং সমন্বিত আধুনিক গণপরিবহন ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে সড়ক বিভাগ নিরলস কাজ করে যাচ্ছে। সরকারের একটি অন্যতম সেবা প্রদানকারী সংস্থা হিসাবে সড়ক বিভাগের আওতাধীন সড়ক ও জনপথ (সওজ) অধিদপ্তর সমগ্র দেশে জাতীয় ও আঞ্চলিক মহাসড়ক এবং জেলা সড়কের সমন্বয়ে একটি ব্যাপক, ব্যয়সাশ্রয়ী ও নিরাপদ সড়ক নেটওয়ার্ক নির্মাণ এবং রক্ষণাবেক্ষণে মুখ্য ভূমিকা পালন করে আসছে।

মাদারীপুর (মোস্তফাপুর) - শরীয়তপুর - চাঁদপুর সড়কটি বন্দরনগরী চট্টগ্রামের সাথে মাদারীপুর, গোপালগঞ্জ, বরিশাল, খুলনা, মংলা এবং দেশের দক্ষিণাঞ্চলের জেলাসমুহের যোগাযোগের সংক্ষিপ্ততম পথ। এ পথে রাজধানী শহর ঢাকাকে বাইপাস করে যাতায়াত ও পন্য পরিবহনে প্রায় ১৩০ কিলোমিটার দূরত্ব কম হবে। এ গুরুত্বপূর্ণ সড়কের ১১.৫৭ কিলোমিটারে কাজিরটেক নামক স্থানে নিরবচ্ছিন্ন সড়ক ব্যবস্থা গড়ে তোলার অন্যতম অন্তরায় আড়িয়াল খাঁ নদীর উপর ৭ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু নির্মানের উদ্যোগ গ্রহণ করে বর্তমান গণতান্ত্রিক সরকার।

একই সড়কের ১৭.১৯ কিলোমিটারে টেকেরহাট, ১৭.৫২ কিলোমিটারে টুমচর এবং ২০.৩৪ কিলোমিটারে আঙ্গারিয়া নামক স্থানসমূহে বর্তমানে বিদ্যমান ৩টি বেইলী সেতুই সরু ও জরাজীর্ণ। প্রায়শ:ই সড়কটিতে যানবাহন চলাচল বন্ধ রেখে মেরামতের মাধ্যমে সেতুত্রয় সচল রাখতে হয়। প্রকল্পটির মাধ্যমে সেতুত্রয় প্রতিস্থাপন করে ৩টি নতুন স্থায়ী ও প্রশস্ত সেতু নির্মাণ করে সড়কটির যানবাহন চলাচল নিরাপদ, নির্বিঘ্ন ও নিরবচ্ছিন্ন করা হচ্ছে।

২০১০ সালের ১৮ মার্চ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও গণচীন সরকারের মধ্যে স্বাক্ষরিত একচেঞ্জ অব নোট অনুযায়ী যৌথ অর্থায়নে নির্মিত হতে যাচ্ছে ৭ম বাংলাদেশ-চায়না মৈত্রী সেতু (কাজিরটেক সেতু) এবং টেকেরহাট, টুমচর ও আঙ্গারিয়া সেতু। দক্ষিণ ও পূর্বের এ সড়ক যোগাযোগ যেমন দুই অঞ্চলের জনগনের আর্থ-সামাজিক উন্নয়নের নতুন দুয়ার উম্মোচন করবে, তেমনি আরও সুদৃঢ় হবে বাংলাদেশ-চীন বন্ধুত্ব। সাশ্রয় হবে সময় ও ব্যয়।



মূল সেতুর নির্মাণ সামগ্রীর স্টক পাইল



মূল সেতুর কনক্রিট ব্যাচ মিক্স প্ল্যান্ট



মূল সেতুর নদীর অভ্যন্তরে পাইলিং প্ল্যাটফর্ম



সরু ও জরাজীর্ণ আঙ্গারিয়া বেইলী সেতু

# প্রকল্প পরিচিতি

| | | |
|---|---|---|
| প্রকল্পের নাম | ঃ | মাদারীপুর (মোস্তফাপুর) - শরীয়তপুর - চাঁদপুর সড়কের আঁড়িয়াল খাঁ নদীর উপর ৭ম বাংলাদেশ - চীন মৈত্রী সেতু (কাজিরটেক সেতু) সহ আরও ৩টি সেতু নির্মাণ প্রকল্প |
| প্রকল্প বাস্তবায়নকারী | ঃ | সড়ক ও জনপথ অধিদপ্তর |
| সার্ভে ও ডিজাইন কনসালটেন্ট | ঃ | Henan Provincial Communications, Planning, Survey & Design Institute Company Limited, People's Republic of China. |
| নির্মাতা প্রতিষ্ঠান | ঃ | Anhui Construction Engineering Group Company Limited, People's Republic of China. |
| সুপারভিশনকারী প্রতিষ্ঠান | ঃ | GuangZhou Wanan Construction Supervision Company Limited, People's Republic of China. |
| অর্থায়ন | ঃ | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং গণচীন সরকারের যৌথ অর্থায়ন |
| প্রকল্প ব্যয় | ঃ | মোট প্রকল্প ব্যয় - ২৭৫ কোটি ২৭ লক্ষ টাকা<br>চীন সরকার - ২০০ কোটি ১৮ লক্ষ টাকা<br>বাংলাদেশ সরকার - ৭৫ কোটি ০৯ লক্ষ টাকা |
| নির্মাণ কাল | ঃ | ০৯-০৫-২০১২ হতে ৩০-০৬-২০১৪ পর্যন্ত |

# ৭ম বাংলাদেশ - চীন মৈত্রী সেতু (কাজিরটেক সেতু) এর কারিগরি তথ্য

| | | |
|---|---|---|
| সেতুর অবস্থান | ঃ | মাদারীপুর (মোস্তফাপুর)-শরীয়তপুর-চাঁদপুর সড়কের ১১.৫৭ কিলোমিটারে আঁড়িয়াল খাঁ নদীর উপর কাজিরটেক নামক স্থান |
| সেতুর ধরণ | ঃ | কাষ্ট ইন সিটু বোরড পাইল ফাউন্ডেশনের উপর প্রি-স্ট্রেসড কনক্রিট বক্স গার্ডার সেতু |
| সেতুর দৈর্ঘ্য | ঃ | ৬৯৪.৩৬ মিটার |
| সেতুর প্রস্থ | ঃ | ১৩.৩০ মিটার |
| এ্যাপ্রোচ সড়ক | ঃ | মোট দৈর্ঘ্য - ৪.৪০ কিলোমিটার<br>মাদারীপুর প্রান্ত - ১.৪০ কিলোমিটার<br>শরীয়তপুর প্রান্ত - ৩.০০ কিলোমিটার |
| স্প্যান সংখ্যা | ঃ | ২১ |
| পিয়ার সংখ্যা | ঃ | ২০ |
| এবাটমেন্ট সংখ্যা | ঃ | ০২ |
| নেভিগেশনাল ক্লিয়ারেন্স | ঃ | ভার্টিকেল ক্লিয়ারেন্স-১০.৫২ মিটার<br>হরাইজন্টাল ক্লিয়ারেন্স-৪৬.০০ মিটার |
| ফাউন্ডেশনের ধরন | ঃ | Cast-in-situ Bored Pile Foundation |
| সুপারস্ট্রাকচার | ঃ | Variable Section Continuous Pre-stressed Concrete Box Girder |

# টেকেরহাট সেতুর কারিগরি তথ্য

| | |
|---|---|
| সেতুর অবস্থান | : মাদারীপুর (মোস্তফাপুর) - শরীয়তপুর - চাঁদপুর সড়কের ১৭.১৯ কিলোমিটারে কীর্তিনাশা নদীর শাখা নদীর উপর টেকেরহাট নামক স্থান |
| সেতুর দৈর্ঘ্য | : ১২৭.০০ মিটার |
| সেতুর প্রস্থ | : ১০.০০ মিটার |
| স্প্যান সংখ্যা | : ০৪ |
| পিয়ার সংখ্যা | : ০৩ |
| এবাটমেন্ট সংখ্যা | : ০২ |
| নেভিগেশনাল ক্লিয়ারেন্স | : ভার্টিকেল ক্লিয়ারেন্স -৭.৬২ মিটার<br>হরাইজন্টাল ক্লিয়ারেন্স -৩০.০০ মিটার |
| ফাউন্ডেশনের ধরন | : Cast-in-situ Bored Pile Foundation |
| সুপারস্ট্রাকচার | : Pre-stressed Concrete Box Girder |

# টুমচর সেতুর কারিগরি তথ্য

| | |
|---|---|
| সেতুর অবস্থান | : মাদারীপুর (মোস্তফাপুর)-শরীয়তপুর-চাঁদপুর সড়কের ১৭.৫২ কিলোমিটারে টুমচর খালের উপর টুমচর নাম স্থান |
| সেতুর দৈর্ঘ্য | : ৩৭.০০ মিটার |
| সেতুর প্রস্থ | : ১০.০০ মিটার |
| স্প্যান সংখ্যা | : ০১ |
| পিয়ার সংখ্যা | : নাই |
| এবাটমেন্ট সংখ্যা | : ০২ |
| নেভিগেশনাল ক্লিয়ারেন্স | : ভার্টিকেল ক্লিয়ারেন্স -৭.৬২ মিটার<br>হরাইজন্টাল ক্লিয়ারেন্স -৩০.০০ মিটার |
| ফাউন্ডেশনের ধরন | : Cast-in-situ Bored Pile Foundation |
| সুপারস্ট্রাকচার | : Pre-stressed Concrete Box Girder |

# আঙ্গারিয়া সেতুর কারিগরি তথ্য

| | |
|---|---|
| সেতুর অবস্থান | : মাদারীপুর (মোস্তফাপুর)-শরীয়তপুর-চাঁদপুর সড়কের ২০.৩৪ কিলোমিটারে কীর্তিনাশা নদীর উপর আঙ্গারিয়া নামক স্থান |
| সেতুর দৈর্ঘ্য | : ১৫২.০০ মিটার |
| সেতুর প্রস্থ | : ১০.০০ মিটার |
| স্প্যান সংখ্যা | : ০৫ |
| পিয়ার সংখ্যা | : ০৪ |
| এবাটমেন্ট সংখ্যা | : ০২ |
| নেভিগেশনাল ক্লিয়ারেন্স | : ভার্টিকেল ক্লিয়ারেন্স -৭.৬২ মিটার<br>হরাইজন্টাল ক্লিয়ারেন্স -৩০.০০ মিটার |
| ফাউন্ডেশনের ধরন | : Cast-in-situ Bored Pile Foundation |
| সুপারস্ট্রাকচার | : Pre-stressed Concrete Box Girder |

# RHD ROAD NETWORK

